বিনোদন

ঢাকাই ছবিতে নাম বদলের ধারায় পুষ্পিতা পুষ্পি

সেই ষাটের দশক থেকেই ঢাকাই সিনেমায় শুরু হয় নাম বদলের রীতি। নাম বদলের সেই পালায় মিনা পাল হয়ে গেছেন কবরী। আফরোজা সুলতানা রত্নাকে নায়িকা হিসেবে কেউ না চিনলেও তার শাবানা নামটি পরিচিত সবার কাছেই। একই ধারায় ফরিদা আখতার হয়েছেন ববিতা, আরিফা আখতার হয়েছেন মৌসুমী। নাম বদল হয়েছে শাবনূর, পূর্ণিমা, অপু বিশ্বাসসহ বেশিরভাগ অভিনেত্রীরই। তবে এদের সবার থেকে একটু আলাদা ঢাকাই ছবির নতুন নায়িকা পুষ্পিতা পুষ্পি। নতুন এই নায়িকার নাম বদল হয়েছে দুবার। আসল নাম তানিয়া সুলতানা পপি। একই নামে আরেক অভিনেত্রী থাকায় পরিচালক মনতাজুর রহমান তার নাম রাখেন পুষ্পিতা তানিয়া। শেষে তানিয়া নামেও অনেকে থাকায় নাম হলো পুষ্পিতা পুষ্পি। খুব শিগগিরই এই নায়িকার দুটি ছবি মুক্তি পেতে যাচ্ছে। একটি 'আগে যদি জানতাম তুই হবি পর'; অন্যটি হলো 'কখনো ভুলে যেও না'।

জনপ্রিয়তার শীর্ষে টম হ্যাঙ্কসের টাইপরাইটার অ্যাপস

টাইপরাইটার মেশিনের প্রতি হলিউড তারকা টম হ্যাঙ্কসের দুর্বলতার কথা অনেকেরই জানা। সেই আকর্ষণ থেকেই সম্প্রতি টাইপরাইটার নিয়ে আই-প্যাডের জন্য একটি অ্যাপস তৈরি করেন টম। নিছক শখের বশে তা করলেও সপ্তাহ না পেরোতেই অ্যাপল আই টিউন স্টোরে সবচেয়ে জনপ্রিয় অ্যাপসের জায়গা দখলে নিয়েছে 'হ্যাঙ্কস রাইটার' নামক অ্যাপসটি। অ্যাপসটিতে রয়েছে সাধারণ টাইপরাইটারের মতোই কী-বোর্ড। কিন্তু সবচেয়ে মজার হলো এর শব্দ। হ্যাঙ্কসের ভাষ্যমতে, প্রতিটি কী'র শব্দই ব্যবহারকারীকে শব্দের গভীরতা বুঝতে সহায়তা করবে।

স্মৃতির ফ্রেম

যামিনী রায় ও বুদ্ধদেব বসু

এক ঘনিষ্ঠ মুহূর্তে উপমহাদেশের বিখ্যাত চিত্রশিল্পী যামিনী রায় (১১ এপ্রিল, ১৮৮৭– ২৪ এপ্রিল, ১৯৭২ বাঁয়ে) ও কবি বুদ্ধদেব বসু (৩০ নভেম্বর, ১৯০৮– ১৮ মার্চ, ১৯৭৪)। পিতৃস্থানীয় শিল্পী যামিনী রায়ের সঙ্গে বুদ্ধদেব বসুর ছিল ঘনিষ্ঠ বন্ধুত্বের সম্পর্ক

আলো

কাজী সুফিয়ার রহমান

ছাত্রজীবন থেকেই কাজী সুফিয়ার রহমান নাটকের সঙ্গে সম্পৃক্ত। নাটক নিয়েই কাটে তার ব্যস্ত সময়। মাগুরা শহর ও আশপাশের খুব কম মানুষই আছেন যারা তার অভিনয় দেখেননি, তার অভিনয়ে মুগ্ধ হননি। অনেকে কেঁদেও ফেলেছেন। নাটকের পাশাপাশি নিজেকে সমাজসেবায়ও ব্যস্ত রেখেছেন। সমাজের মানুষের মাঝে ছড়াচ্ছেন শিক্ষার আলো। তার অনেক ছাত্র-ছাত্রী রাষ্ট্রের অনেক গুরুত্বপূর্ণ দায়িত্বে নিযুক্ত। তার জন্ম ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলার শেখর ইউনিয়নের দীঘিরপাড় গ্রামে।

মাগুরা টাউন হলের একজন নিয়মিত নাট্যশিল্পী তিনি। মাগুরার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সঙ্গেও জড়িত। কথা প্রসঙ্গে জানালেন, 'ছাত্রজীবন থেকেই সংস্কৃতিচর্চার পাশাপাশি এলাকার শিক্ষার্থীদের মাঝে জ্ঞানের আলো ছড়ানোর চেষ্টা করে গেছি। কতটুকু পেরেছি তা জানি না। মানুষ হয়ে মানুষের প্রতি দায়বদ্ধতা থেকেই কাজটি করেছি।' নাটকে নিয়মিত অভিনয়ের পাশাপাশি তিনি 'অনুশোচনা', 'ফাঁসির দড়ি', 'যাত্রাপালা', 'জীবন নদীর তীরে' ইত্যাদি টেলিফিল্মেও অভিনয় করেছেন। বেশকিছু পথনাটকেও তিনি অভিনয় করেছেন।

–লিটন ঘোষ জয়



আবারো শাহরুখ-কাজল

কুচ কুচ হোতা হ্যায়, দিলওয়ালে দুলহানিয়া লে জায়েঙ্গে আর কাভি খুশি কাভি গমের মতো কালজয়ী সব চলচ্চিত্রে জুটি বেঁধে অভিনয় করেছেন শাহরুখ খান আর কাজল। খুশির সংবাদ, অনেকদিন বাদে আবারো পর্দায় একসঙ্গে দেখা যেতে পারে এই জুটিকে। সিংগাম রিটার্নসের অসাধারণ সাফল্যের পর পরিচালক রোহিত শেঠি শুরু করেছেন তার পরবর্তী ছবির কাজ। এরই মধ্যে ছবির প্রধান চরিত্রে চুক্তিবদ্ধ করেছেন শাহরুখকে। আর নারীচরিত্রেও নাকি কাজলের সঙ্গে চুক্তির কাজটা সেরে ফেলেছেন রোহিত। যদি সে গুজব সত্যি হয় তবে দর্শক আগামী বছরই আবার দেখবেন শাহরুখ-কাজল জুটির কারিশমা।

মণিপুরেই নিষিদ্ধ মেরি কম!

মুষ্টিযোদ্ধা মেরি কমের জীবনীনির্ভর ছবি 'মেরি কমে'র মুক্তির অপেক্ষায় রয়েছে পুরো ভারত। অথচ মেরি কমের নিজ প্রদেশ মণিপুরের মানুষই হয়তো দেখতে পাবেন না ছবিটি। ভারতের মণিপুর রাজ্যে ২০০০ সাল থেকে বন্ধ রয়েছে হিন্দি ছবির প্রদর্শন। বিচ্ছিন্নতাবাদী সংগঠন 'রেভ্যুলুশনারি পিপলস ফ্রন্ট' মণিপুরের সব সিনেমা হলে হিন্দি সিনেমা প্রদর্শন নিষিদ্ধ করে দেয়। সেই থেকে সেখানে কোনো হলে হিন্দি সিনেমা দেখানো হয় না। তবে মেরি কম যাতে বিশেষ ব্যবস্থায় মণিপুরে মুক্তি দেয়া যায় সেজন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করছেন খোদ মেরি কম নিজেই। নারীদের মুষ্টিযুদ্ধে পাঁচবার বিশ্বজয়ী মেরি কমের জীবনী নিয়ে নির্মিত ছবিতে তার ভূমিকায় অভিনয় করেছেন প্রিয়াঙ্কা চোপড়া। ছবিটি মুক্তি পাবে ৫ সেপ্টেম্বর।

আপনি জানেন কি

শ্রদ্ধার কারণে কাশ্মীরে ট্রাফিক জ্যাম

সম্প্রতি 'হায়দার' ছবির শুটিংয়ের জন্য কাশ্মীরে যান 'আশিকি টু' তারকা শ্রদ্ধা কাপুর। কাশ্মীরের ট্রাফিক জ্যামের কথা চিন্তা করে শহর ঘুরতে ছোট্ট একটি লাল গাড়ি নেন তিনি। কিন্তু শ্রদ্ধাকে হুইলে দেখলে কি আর ভক্তরা বসে থাকার পাত্র! তারাও ঘিরে ধরে শ্রদ্ধাকে। আর কি! যে ট্রাফিক জ্যামের জন্য ছোট্ট গাড়ি নেয়া– বেঁধে বসল সেই জ্যামই!

নারী জাগরণে রানী মুখার্জি

রানী মুখার্জি এখন ব্যস্ত তার মুক্তি পেতে যাওয়া চলচ্চিত্র 'মরদানি'র প্রচারে। তবে বিভিন্ন শহর

ঘুরে কেবল নিজের ছবির প্রচারই চালাচ্ছেন না রানী; বরং নারীদের মধ্যেও মরদানি বোধ জাগিয়ে তোলার পরামর্শ দিয়ে যাচ্ছেন। সম্প্রতি কালীঘাটে মরদানি ছবির প্রচারে রানী বলেন, নারীদের নিজেদের মধ্যে যে শক্তি, যে ক্ষমতা আছে তা উপলব্ধি করতে শিখতে হবে। আর তাতেই নারীর বিরুদ্ধে সব ধরনের অপকর্ম নারী নিজেই রুখে দিতে পারবে বলে মনে করেন এই অভিনেত্রী। সম্প্রতি আদিত্য রায় চোপড়ার সঙ্গে গাঁটছড়া বাঁধা রানীকে মরদানিতে দেখা যাবে পুলিশের চরিত্রে। আর এতে তার সহ-অভিনেতা হিসেবে রয়েছেন বাঙালি অভিনেতা যীশু সেনগুপ্ত।

ব্যাং ব্যাং-এ মাথাব্যথায় ঋত্বিক

ঋত্বিক রোশনের পরবর্তী ছবি ব্যাং ব্যাং নিয়ে এরই মধ্যে সাড়া পড়ে গেছে বলিউডপাড়ায়। কিন্তু ছবিটির শুটিংয়ের সময় কম ধাক্কা সামলাতে হয়নি ঋত্বিক আর শুটিং ইউনিটের বাকিদের। খবর হলো শুটিং শুরুর কিছুদিন আগেই মাথায় অপারেশন করান ঋত্বিক রোশন। ডাক্তারদের কড়া বারণ ছিল বেশি শব্দের কাছাকাছি থাকার ব্যাপারে। ব্যাং ব্যাংয়ের মতো অ্যাকশন ছবির শুটিংয়ে তা কতটা সম্ভব সেটা নিয়ে চিন্তায় ছিলেন খোদ ঋত্বিকও কিন্তু সবার সহায়তায় ঠিকই উতরে গেছেন তিনি। মাথাব্যথা ছাড়াই পার করেছেন শুটিংয়ের সময়টুকু। আগামী অক্টোবরে মুক্তি পাবে ব্যাং ব্যাং। ছবিটিতে ঋত্বিকের সঙ্গে অভিনয় করেছেন ক্যাটরিনা কাইফ।

ব্রিটনির বিরুদ্ধে ঠোঁট মেলানোর অভিযোগ

জনপ্রিয় পপতারকা ব্রিটনি স্পিয়ার্সের স্টেজ শো মানেই হিট। আর সেই স্টেজ শোতেই এবার ঠোঁট মেলানোর অভিযোগ উঠেছে ব্রিটনির বিরুদ্ধে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের লাস ভেগাস শোতে 'পারফিউম' গানটি ভক্তদের গেয়ে শোনান তিনি। কিন্তু গানটিতে আরেক তারকাশিল্পী শিয়ার কণ্ঠই শোনা গেছে বলে অভিযোগ উঠেছে। বিলবোর্ড ম্যাগাজিনের ওয়েবসাইটে কয়েকজন শ্রোতা অভিযোগ করেছেন, স্টেজের কাছাকাছি যারা ছিলেন তারা স্পষ্টই শুনেছেন সেখানে ব্রিটনির চেয়ে শিয়ার কণ্ঠই শোনা যাচ্ছিল বেশি। তবে স্টেজ শোতে অন্যের কণ্ঠে কণ্ঠ মেলানোর অভিযোগ নিয়ে এখনো মুখ খোলেননি এই পপতারকা।

এক ছবিতে স্ট্যালন-শোয়ার্জনেগার

খুব শিগগিরই মুক্তি পেতে যাচ্ছে ব্লকবাস্টার হিট ছবি 'এক্সপেন্ডেবলসের' তৃতীয় সিক্যুয়েল, 'এক্সপেন্ডেবল থ্রি'। এই ছবির গুরুত্বপূর্ণ দুই চরিত্রে দেখা যাবে সিলভেস্টার স্ট্যালন এবং আর্নল্ড শোয়ার্জনেগারকে। অথচ এক সময় তাদের সম্পর্ক এতটাই খারাপ ছিল যে তাদের কখনই একসঙ্গে এক রুমে দেখা যেত না। তবে আগে যা-ই হোক, তারা এখন বন্ধুর মতোই। সেজন্যই দর্শকরা একই ছবিতে এ দুই আইকনিক তারকাকে দেখার সুযোগ পাচ্ছেন।

পুরুষোত্তম স্টেথাম

ডেথ রেইস তারকা জেসন স্টেথাম। হলিউডে সরব বিচরণের জন্য সারা বিশ্বেই তিনি যেমন জনপ্রিয় তেমনি নিজ দেশ ব্রিটেনেও রয়েছেন জনপ্রিয়তার শীর্ষে। সম্প্রতি মেন'স ফিটনেস ম্যাগাজিনের এক জরিপে ২৭ শতাংশ ভোট পেয়ে ব্রিটেনের প্রথম সারির তারকাদের তালিকায় পুরুষালি তারকা হিসেবে প্রথম হয়েছেন জেসন স্টেথাম। ১৮ শতাংশ ভোট নিয়ে এ তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছেন কিং আর্থার-খ্যাত লেখক রয় উইনস্টোন। তৃতীয় অবস্থানে টম হার্ডি আর চতুর্থ অবস্থানে একসঙ্গে রয়েছেন ফুটবল তারকা ডেভিড বেকহ্যাম ও অভিনেতা গেরহার্ড বাটলার।

কিরা নাইটলি বিয়েকে মজার ব্যাপার বলেই ভেবেছিলেন

পাইরেটস অব দ্য ক্যারিবিয়ান, বিগিন এগেইনের মতো বিখ্যাত ছবির তারকা কিরা নাইটলি। গেল বছর সেরেছেন মালাবদলের পর্ব। কিন্তু বিয়ের মতো সিরিয়াস একটা ব্যাপারকে তখন স্রেফ এক মজার ব্যাপার বলেই ভেবেছিলেন এই তারকা। বয়ফ্রেন্ড জেমস রাইটন তাকে বিয়ের প্রস্তাব দেয়ার সময় থেকেই নাকি তার মনে হতো বিয়েটা হবে বেশ মজা আর আনন্দের। আর তাই তো সেই জেমসের সঙ্গেই তাড়াতাড়ি গাঁটছড়া বাঁধার কাজটা সেরেছেন। তবে ক্যারিয়ার নিয়ে কিন্তু সেই আগের মতোই সিরিয়াস নাইটলি।

গ্রন্থনা : সুমাইয়া শিফাত